ইত্তেফাক



# প্রধানমন্ত্রীর সফরকালে কুষ্টিয়ায় প্রাথমিক শিক্ষকদের বিক্ষোভ

কুষ্টিয়া, ২৭শে জানুয়ারী (নিজস্ব সংবাদদাতার ফোন)—প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান আজ সড়ক পথে নিজগ্রাম কই-পাল যাওয়ার সময় পথিমধ্যে তারাগুনিয়া হাইস্কুলের সামনে প্রাথমিক শিক্ষকদের বিক্ষোভের সম্মুখীন হন।

প্রকাশ, সড়কপথে প্রধানমন্ত্রীর গ্রামের বাড়ী যাওয়ার খবর পাইয়া কুষ্টিয়া জিলার প্রাথমিক শিক্ষকরা এই বিক্ষোভের আয়োজন করেন। এক পর্যায়ে প্রাথমিক শিক্ষক সমিতির কুষ্টিয়া জিলা শাখার সভাপতি জনাব জিল্লুর রহিমকে প্রধানমন্ত্রী জানান যে, আগামী মার্চে সংসদের অধিবেশন পুনরায় শুরু হইলে প্রাথমিক শিক্ষক-

( ২য় পৃঃ দ্রঃ )

## প্রধানমন্ত্রীর সফরকালে

( ১ম পৃঃ পর )

দের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হইবে।

প্রধানমন্ত্রীর এই সফর উপলক্ষে প্রায় ২ হাজার প্রাথমিক শিক্ষক বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ করেন। পরে তাহারা তারাগুনিয়া হাইস্কুল ময়দানে এক সভায় মিলিত হন। সভায় সম্প্রতি রংপুরে নিহত শিক্ষকের রুহের মাগফেরাত কামনা করিয়া বিশেষ মোনাজাত করা হয়।